

স্মারক নং-৪৪.০১.০০০০.৯৮৮.০৭.০১০.২৬. ৬২৪৮

তারিখ: ০৫ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি -০১/(২০২৬-২০২৭)


স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ এর স্মারক নং- ৪৪.০০.০০০০.০২০.৫২.০০২.২০-১০০৪ তারিখ- ১০/১১/২০২০ খ্রিঃ এবং পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকার স্মারক নং- ৪৪.০১.০০০০.০২৪.০৪.০০২. ২০(অংশ).৩৭১৭ তারিখ ৪ ১৫/১১/২০২০ খ্রিঃ এর প্রেক্ষিতে "The Public Procurement Regulation-2025" মোতাবেক ২০২৬-২০২৭ অর্থ বছরে রাজশাহী মেট্রোপলিটন পুলিশের পুরাতন অকেজো গাড়ি প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে। প্রকৃত ব্যবসায়ী/ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকগণকে প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানান যাচ্ছে।

নিলামে বিক্রয়যোগ্য অকেজো গাড়ির বিবরণ :

রাজশাহী মেট্রোপলিটন পুলিশের অকেজো ঘোষিত (যেখানে যে অবস্থায় আছে) ১৩টি যানবাহন (১) টয়োটা ল্যান্ড ক্রুজার জীপ - রাজ মেট্রো-ঘ-০২-০০২৫, (২) ইসুজু টপার জীপ - রাজশাহী-ক-৫৯৬৯, (৩) ইসুজু টপার জীপ- রাজশাহী-ঘ-০২-০০১০, (৪) মিৎসুবিসি কার- রাজ মেট্রো-ক-০২-০০০১, (৫) ইসুজু সিঙ্গেল কেবিন পিকআপ- রাজ মেট্রো-ম-০২-০০০৪, (৬) মিৎসুবিসি সিঙ্গেল কেবিন পিকআপ- রাজ মেট্রো-ম-০২-০০০৩, (৭) বেডফোর্ড ট্রাক ০৫ টন- রাজশাহী-ম-০৫-০০০৭, (৮) টাটা ট্রাক ০৩টন- রাজ মেট্রো-ম-০৫-০০১৪, (৯) মিৎসুবিসি এম্বুলেন্স- রাজ মেট্রো-ছ-৭১-০০০১, (১০) টয়োটা প্রিজনার ভ্যান- রাজ মেট্রো-ম-০৫-০০০১, (১১) সিজি হোভা ১২৫ সিসি মোটরসাইকেল- রাজ মেট্রো-হ-০২-০০৭২, (১২) সিজি হোভা ১২৫ সিসি মোটরসাইকেল- রাজ মেট্রো-হ-০২-০১৪০ এবং (১৩) সিজি হোভা ১২৫ সিসি মোটরসাইকেল- রাজ মেট্রো-হ-০২-০১৪১।

শর্তাবলী

- ১। প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণে আগ্রহী ক্রেতাগণ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ০৭/১০/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রত্যহ সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত রাজশাহী মেট্রোপলিটন পুলিশ লাইন্সের এমটি শাখায় নিলাম বিজ্ঞপ্তিতে উল্লিখিত গাড়ি/মোটরসাইকেলগুলি সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।
- ২। প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণের জন্য ১ হতে ১০ পর্যন্ত যানবাহনগুলো ক্রয়ে আগ্রহী ডাককারীদের পৃথকভাবে প্রত্যেকটি যানবাহনের জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং ১১ হতে ১৩ পর্যন্ত মোটরসাইকেল ক্রয়ে আগ্রহী ডাককারীদের পৃথকভাবে প্রত্যেকটি মোটরসাইকেলের জন্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নগদ (ফেরতযোগ্য) আগামী ২৭/৯/২০২৬ খ্রিঃ হতে ০৭/১০/২০২৬ খ্রিঃ তারিখ প্রত্যহ সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত আরএমপি সদর দপ্তরের প্রশাসন শাখায় জমা দিয়ে নাম এন্ট্রি করে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
- ৩। আগামী ০৮/১০/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ১০.৩০ ঘটিকার সময় আরএমপি পুলিশ লাইন্সের মোটরযান শাখায় নিলাম ডাকে অংশগ্রহণের জন্য নগদ জামানত (ফেরতযোগ্য) প্রদানকৃত ব্যক্তি/প্রতিষ্ঠানের মালিকগণকে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে বিস্তারিত তথ্য রাজশাহী মেট্রোপলিটন পুলিশ কমিশনার, রাজশাহী-র কার্যালয় হতে প্রত্যেক কর্মদিবসে অফিস চলাকালীন জানা যাবে।
- ৪। নিলামে সর্বোচ্চ ডাককারীর ডাক কমিটি কর্তৃক গ্রহণযোগ্য হলে ৭(সাত) দিনের মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করতে হবে। অন্যথায় তার অনুব্রূলে নিলাম ডাক বাতিল বলে গণ্য হবে এবং জামানতের টাকা বাজেয়াপ্তসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৫। প্রকাশ্য নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে টিআইএনধারী (TIN) হতে হবে এবং হালনাগাদ কর পরিশোধের সনদ থাকতে হবে।
- ৬। প্রকাশ্য নিলাম গ্রহীতাকে নিলাম মূল্যের উপর ১০% (দশ) হারে আয়কর পরিশোধ করতে হবে।
- ৭। নিলাম গ্রহীতাকে নিলাম মূল্যের উপর ১৫% (পনের) হারে মূল্য সংযোজন কর (VAT) পরিশোধ করতে হবে।
- ৮। নিলাম ডাকে অংশগ্রহণকারী কর্তৃক কোন শর্ত গ্রহণযোগ্য হবে না।
- ৯। নিলাম কমিটি সরকারী কাজের স্বার্থে কোন কারণ দর্শানো ছাড়াই সর্বোচ্চ নিলামকারীর দর গ্রহণ বা সমস্ত নিলাম কার্যক্রম বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।



মোহাম্মদ খোরশেদ আলম, পিপিএম

বিপি নং-৭৭০৫১১৯৭৮৪

উপ-পুলিশ কমিশনার (সদর)

(অতিরিক্ত ডিআইজি পদে পদোন্নতিপ্রাপ্ত)

পক্ষে পুলিশ কমিশনার

রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।

ফোন-০২৫৮৮৮০১৩০৫, ফ্যাক্স-০২৫৮৮৮০১৩০২

Email : dchqrmpp@police.gov.bd